



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের আয়োজনে
পাঠ সমাপনী অনুষ্ঠান-২০২৩ অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থীদের পাঠ সমাপনী অনুষ্ঠান-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১৬ জানুয়ারি ২০২৩ তারিখ বিকাল ৪ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমাদেরকে ব্যক্তিত্বের বিকাশ ঘটাতে হবে। সফলতার জন্য শুধুমাত্র একাডেমিক শিক্ষা যথেষ্ট নয়। এজন্য একাডেমিক শিক্ষার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমে গুরুত্ব দিতে হবে। নিজেদের মধ্যে আত্মবিশ্বাস তৈরিতে সহশিক্ষা কার্যক্রমের কোন বিকল্প নেই। সময়ানুবর্তিতা, নিয়মানুবর্তিতা, সততা ও নিষ্ঠার সাথে জীবনকে পরিচালিত করতে হবে। নিজেদেরকে আলোকিত মানুষ হিসেবে গড়ে তুলে বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে দেশের কল্যাণে, মানুষের কল্যাণে কাজ করে যেতে হবে। অনুষ্ঠানে 'সমাপনী সম্ভাষণ ২০২৩' শীর্ষক স্মরণিকার মোড়ক উন্মোচন করেন উপাচার্য মহোদয়। বাংলা বিভাগের সভাপতি উন্মোষ রায়ের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. খোরশেদ আলম, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক শারমিন আক্তার, সহকারী অধ্যাপক সঞ্জয় কুমার সরকার, সহকারী অধ্যাপক পম্পা রানী মজুমদারসহ বিভাগের শিক্ষকমণ্ডলী, বিদায়ী শিক্ষার্থীসহ অন্যান্য শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলা বিভাগের ৩য় বর্ষের শিক্ষার্থী মেহেদী হাসান কামরুল ও শাহাজাদী। অনুষ্ঠান শেষে বিদায়ী শিক্ষার্থীদের সম্মাননা ক্রেস্ট তুলে দেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়